

## ব্যাচেলর অব নাসিং সায়েন্স কোর্স প্রবর্তনের সিদ্ধান্ত

019

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা-বিজ্ঞান অনুষদের অধীনে ১৯৭৭-৭৮ শিক্ষাবর্ষ হইতে ব্যাচেলর অব নাসিং সায়েন্স (বিএনএস-সি) কোর্স প্রবর্তন করা হইবে। বিশ্ব-বিদ্যালয় সিণ্ডিকেট এই সিদ্ধান্ত লইয়াছে। মহাখালীতে অবস্থিত বর্তমান নাসিং কলেজকে বিশ্ব-বিদ্যালয়ের আওতাভুক্ত কলেজ হিসাবে স্বীকৃতিদান করা হইয়াছে এবং সেখানে এই কোর্স শিক্ষাদানের অনুমতি দেওয়া হইয়াছে। একাডেমিক পরিষদের সুপারিশক্রমে সিণ্ডিকেট এই সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে।

এতদ্ব্যতীত খুলনা প্রকৌশল মহাবিদ্যালয়কে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত একটি ইনস্টিটিউটে রূপান্তর করা হইবে। একাডেমিক কাউন্সিলের সুপারিশ বিবেচনা করিয়া গত বৃহস্পতিবার বিশ্ব-বিদ্যালয় সিণ্ডিকেট সভায় এই সিদ্ধান্ত লওয়া হয়। মহাবিদ্যালয়টি ১৯৭৪ সালের জুন মাসে চালু হওয়ার পর রাজশাহী বিশ্ব-বিদ্যালয়ের অন্তর্ভুক্ত রহিয়াছে।